

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৬১

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য, "দাসেও কোন সাদাকাহ বা যাকাত নেই" এর দ্বারা সব ধরণের সাদাকাহ উদ্দেশ্য নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (وَلَا عَبْدِهِ صَدَقَةٌ) لَمْ يُرِدْ بِهِ كُلَّ الصدقات

আরবী

3261 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّدِ الدَّغُولِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِدْرِيسَ حَدَّثَنَا ابْنُ أَبِي مَرْيَمَ حَدَّثَنَا نَافِعُ بْنُ يَزِيدَ حَدَّثَنَا جعفر بن ربيعة عَنْ عِرَاكِ بْنِ مَالِكِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا صَدَقَةَ عَلَى الرَّجُلِ فِي فَرَسِهِ وَعَبْدِهِ إِلَّا زَكَاةَ الْفِطْرِ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3261 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) ((1420) م.

قَالَ أَبُو حَاتِمٍ: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ عَلَى أَنَّ الْعَبْدَ لَا يَمْلِكُ إِذِ الْمُصْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْجَبَ زَكَاةَ الْفِطْرِ الَّتِي تَجِبُ عَلَى الْعَبْدِ عَلَى مَالِكِهِ عَنْهُ دونه

বাংলা

৩২৬১. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "মুসলিম ব্যক্তির ঘোড়া ও দাসে যাকাতুল ফিতর ছাড়া আর কোন যাকাত নেই।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন, "এই হাদীসে এই মর্মে দলীল রয়েছে যে, দাস কোন সম্পদের মালিক হতে পারে না। কেননা দাসের উপর যে সাদাকাতুল ফিতর ওয়াজিব হয়, সেটাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মালিকের উপর ওয়াজিব করেছেন; দাসের উপর নয়।"



ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ২২৮৮; সহীহ মুসলিম: ৯৮২; আবূ দাউদ: ১৯৫৪; সুনান বাইহাকী: ৪/১১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন